



তথ্যবিবরণী

নম্বর: ১৮২

তরুণদের মাঝে যে জাগরণ তৈরি হয়েছে তা কাজে লাগাতে হবে

- চাঁপাইনবাবগঞ্জ জেলা প্রশাসক

রাজশাহী; ১৬ মাঘ (৩০ জানুয়ারি):

চাঁপাইনবাবগঞ্জ জেলা প্রশাসক মো. আব্দুস সামাদ বলেছেন, এখন তরুণদের মাঝে যে জাগরণ তৈরি হয়েছে তা কাজে লাগাতে হবে। আমাদের যুব সমাজকে সঠিক পথে পরিচালিত করতে হবে। তারা আগে কখনো বিপথগামী হয়নি আগামীতেও হবে না।

আজ (৩০ জানুয়ারি) বৃহস্পতিবার চাঁপাইনবাবগঞ্জের বারঘরিয়াস্থ দৃষ্টিনন্দন পার্কে জেলা তথ্য অফিস আয়োজিত তারুণ্যের উৎসব উদ্বোধন উপলক্ষে 'বিজয়ের উল্লাসে, তারুণ্যের উচ্ছ্বাসে' শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন।

যুগে যুগে তরুণদের বিজয় অর্জনের কথা উল্লেখ করে জেলা প্রশাসক বলেন, তরুণ ভাইয়েরা আমাদের জন্য বারে বারে বিজয় অর্জন করে দিয়েছে। ব্রিটিশবিরোধী আন্দোলন থেকে শুরু করে ৫২'র ভাষা আন্দোলন, ৬৯'র গণঅভ্যুত্থান, ৭১'র মহান মুক্তিযুদ্ধ, ৯০'র গণ-আন্দোলন এবং সর্বশেষ ২৪'র যে বিপ্লব সব আন্দোলনেই নেতৃত্ব দিয়েছে আমাদের তরুণ ভাইয়েরা। কাজেই তাদের সাথেই এই বিজয় কথাটি যায়। বিজয়ের যে উচ্ছ্বাস, সেটিকে ধারণ করে আমাদের এগিয়ে যেতে হবে। সেজন্য সরকার প্রায় ৫২ দিনব্যাপী তারুণ্যের উৎসব বিষয়ক বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে।

তিনি বলেন, এই তরুণরাই আমাদের দেশ বদলাবে। তরুণদেরকে জড়িত করতে পারলেই আমাদের কাজক্ষিত লক্ষ্য অর্জন করা সম্ভব। তাই তারুণ্যের উৎসবে আমাদের তরুণদের উচ্ছ্বাস দেখতে চাই।

দক্ষ জনশক্তি প্রেরণের মাধ্যমে রেমিটেন্স অর্জনের গুরুত্ব তুলে ধরে তিনি আরও বলেন, তরুণদেরকে নিয়ে আমাদের অনেক কর্মপরিকল্পনা আছে। দেশকে এগিয়ে নিতে হলে তরুণদের কোনো বিকল্প নেই। চাঁপাইনবাবগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট এবং টিটিসি এই দুইটি প্রতিষ্ঠান চাঁপাইনবাবগঞ্জের অর্থনীতি ও তরুণদের জন্য অনেক বড় ভূমিকা রেখে চলেছে। চাঁপাইনবাবগঞ্জ বিদেশে দক্ষ জনশক্তি প্রেরণ করছে। এ সকল প্রতিষ্ঠান থেকে সনদ অর্জন করে তরুণরা দেশের বাইরে যাচ্ছে এবং অনেক রেমিটেন্স অর্জন করছে। শুধু চাঁপাইনবাবগঞ্জে না, সারাদেশে যদি দক্ষ জনশক্তি গড়ে তুলতে পারি এবং তরুণ ভাইদেরকে কাজ দিতে পারি তাহলে অবশ্যই আমাদের দেশ বদলাবে সমাজ বদলাবে। মাদকের ভয়বহতা ও ব্যাপক বিস্তার রোধের বিভিন্ন দিক তুলে ধরে তরুণ সমাজকে মাদক ও নেশামুক্ত সুস্থ সমাজ বিনির্মাণের আহ্বান জানান তিনি।

অতিরিক্ত জেলা প্রশাসক মো. নাকিব হাসান তরফদার এর সভাপতিত্বে আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চাঁপাইনবাবগঞ্জ অতিরিক্ত পুলিশ সুপার ইয়াসির আরাফাত ও মেডিকেল অফিসার কো-অর্ডিনেটর ডা. মো. ইনজামাম উল হক।

আলোচনা সভায় স্বাগত বক্তব্য প্রদান করেন জেলা তথ্য অফিসার রূপ কুমার বর্মন। সভায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন জেলা শিল্পকলা একাডেমির জেলা কালচারাল অফিসার মো. শাহাদৎ হোসেন, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের জেলা আহবায়ক আব্দুর রাহিমসহ সমন্বয়কবৃন্দ, সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারী, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী ও গণমাধ্যমকর্মীবৃন্দ।

.....
তৌহিদ/আতিক/আলীম/২০২৫/১৯.২০ ঘ.